

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
- সিলেট

স্মারক নং- ৩২.০১.৯১০০.০০০.২৯.০০১.১৯- ৪৫৮

তারিখ: ২২/১০/২৩

বিষয়ঃ “জয়িতা অন্বেষণে বাংলাদেশ ২০২৩” শীর্ষক কার্যক্রম প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ নভেম্বর ২০২৩ হতে ১০ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস ২০২৩স্বিঃ প্রতি বছরের ন্যায় যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্তে “জয়িতা অন্বেষণে বাংলাদেশ ২০২৩” শীর্ষক একটি বিশেষ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এই কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে তৃণমূল পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে যেমন- ১) অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী ২) শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী ৩) সফল জননী নারী ৪) নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী ৫) সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী। এই পাঁচ ক্যাটাগরীর সফল নারীদের তথ্য জয়িতা চিহ্নিত করে তাদের যথাযথ সম্মান ও স্বীকৃতি প্রদানের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায় আপনার সিটি কর্পোরেশন/ইউনিয়ন হতে এই পাঁচ ক্যাটাগরীতে ০৫(পাঁচ) জন শ্রেষ্ঠ জয়িতা সিটি কর্পোরেশন ওয়ার্ড/ইউনিয়ন কমিটির মাধ্যমে নির্বাচন করে তাদের সকল তথ্যাদি আগামী ১৫/১১/২০২৩স্বিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

• ইউনিয়ন কমিটিঃ

- | | |
|--|---------|
| ১। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | আহবায়ক |
| ২। সকল ওয়ার্ডের মহিলা সদস্য | সদস্য |
| ৩। ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তা মহিলা | সদস্য |
| ৪। ইউনিয়ন পরিষদের সচিব | সদস্য |

• সিটি কর্পোরেশন এলাকার ওয়ার্ড কমিটিঃ


- | | |
|--|------------|
| ১। ওয়ার্ড কাউন্সিলর | আহবায়ক |
| ২। ওয়ার্ডের সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। মহিলা ওয়ার্ড কাউন্সিলর | সদস্য সচিব |

সংযুক্ত

১। আবেদন ফরম -০১ কপি

২। নীতিমালা-০১ কপি

“বিষয়টি অতীব জরুরী”


২২/১০/২৩

শাহিনা আক্তার

উপপরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর

সিলেট

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। মেয়র, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট

২। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট

৩। চেয়ারম্যান,..... ইউ/পি, সিলেট সদর, সিলেট

৪। কাউন্সিলর,..... ওয়ার্ড, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট